

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নির্মাণ অধিশাখা

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.০৬.০৪১.১৯-৩৪২

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল-৩, রাজশাহী ও বিভাগীয় অফিস, রাজশাহী এর ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যমান ভবন নিলামে বিক্রয় ও অপসারণের জন্য কমিটি গঠন


সূত্রঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পত্র নং-১৬৩৮, তারিখ- ২৮/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল-৩, রাজশাহী ও বিভাগীয় অফিস, রাজশাহী এর ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যমান ভবন নিলামে বিক্রয় ও অপসারণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

(ক) সিভিল সার্জন, রাজশাহী	-	আহবায়ক
(খ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী এর প্রতিনিধি (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা)	-	সদস্য
(গ) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী- (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা)	-	সদস্য
(ঘ) জেলা প্রশাসক, রাজশাহী এর প্রতিনিধি (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা)	-	সদস্য
(ঙ) সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী জেলা	-	সদস্য
(চ) নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ	-	সদস্য সচিব

কর্মপরিধিঃ

- (ক) কমিটি ভবন ব্যবহারকারী কর্তৃপক্ষের নিকট থেকে ভবন ব্যবহার অনুপযোগী সংক্রান্ত প্রত্যয়ন পত্র সংগ্রহ করবে;
- (খ) কমিটি জরিপপূর্বক ভবনের মূল্য নির্ধারণ করবে;
- (গ) সিভিল সার্জন সংশ্লিষ্ট কাগজপত্রাদি বিবেচনা করতঃ কমিটির সুপারিশ অনুমোদন করবে। সিভিল সার্জনের অনুমোদনক্রমে কমিটি স্থাপনা ভাঙ্গা ও অপসারণের পরবর্তী কার্যক্রম সম্পন্ন করবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জেলা প্রশাসক, রাজশাহী (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ২) সিভিল সার্জন, রাজশাহী
- ৩) নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ৫) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী (১ম শ্রেণি বা তদুর্ধ্ব পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ৬) সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।